



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৯-১০-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক গ্রাসরুট/তৃণমূল ফুটবল কার্যক্রম অদ্য ২৯-১০-২০২০ তারিখ হতে নীলফামারী, মাদারীপুর ও ফেনী এই তিনটি ভেন্যুতে আজ শেষ দিন মোট ৬ (ছয়) টি বয়স ভিত্তিক গ্রুপের মধ্যে ছেলেদের জন্য ৪ (চার) টি গ্রুপ এবং মেয়েদের জন্য ২ (দুটি) টি গ্রুপ নির্ধারণ করে বাছাই কার্যক্রম শুরু হয়েছে। বয়স ভিত্তিক গ্রুপে ছেলে ও মেয়েদের বয়স ৮ (আট) বছর থেকে ১৮ (আঠারো) বছর। প্রতি ব্যাচে ছেলেদের সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) জন এবং মেয়েদের সর্বোচ্চ ৩০ (ত্রিশ) জন করে খেলোয়াড় নিয়ে গঠন করা হবে।

মাদারীপুর জেলায় সকাল ১০.০০ ঘটিকা হতে বাছাই কার্যক্রম শুরু হয়। পরবর্তীতে বাফুফের প্রশিক্ষক জনাব আবুল হোসেন ও স্থানীয় প্রশিক্ষকদের নিয়ে উক্ত কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত ট্রায়াল কার্যক্রমে ১০০ জন ছেলে ও ৮ জন মেয়ে অংশগ্রহণ করে। তিন দিনে সর্বমোট ৩২৫ জন ছেলে এবং মেয়ে ৫৬ জন অংশগ্রহণ করেছে।

ফেনী জেলায় সকাল ১০.০০ ঘটিকায় ফেনী ভাষা শহীদ সালাম স্টেডিয়ামে কার্যক্রম শুরু হয়। বাফুফের প্রশিক্ষক জনাব দীপক চন্দ্র নাথ ও স্থানীয় প্রশিক্ষকদের নিয়ে উক্ত কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত ট্রায়াল কার্যক্রমে ৯৮ জন ছেলে অংশগ্রহণ করে। তিন দিনে সর্বমোট ৪৮৫ জন ছেলে এবং মেয়ে ২৮ জন অংশগ্রহণ করেছে।

নীলফামারী জেলায় সকাল ১০.০০ ঘটিকায় শেখ কামাল স্টেডিয়াম নীলফামারীতে কার্যক্রম শুরু হয়। বাফুফের প্রশিক্ষক জনাব রাশেদ আহমেদ পাণ্ডু ও স্থানীয় প্রশিক্ষকদের নিয়ে উক্ত কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত ট্রায়াল কার্যক্রমে ২৫০ জন ছেলে অংশগ্রহণ করে। তিন দিনে সর্বমোট ৯৩৫ জন ছেলে এবং মেয়ে ৮৬ জন অংশগ্রহণ করেছে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।